

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১১. নাপাকি লাগলে তা পবিত্র করার উপায় কি?

- ১. শরীর- শরীরে নাপাকি লাগলে তিন বার ধুয়ে ফেলবে।
- ২. কাপড়- কাপড়ে নাপাকি লাগলে তিন বার ধুয়ে নেবে। প্রতিবারেই ধৌত করে ভালো করে চাপ দিয়ে নিংড়িয়ে নেবে। সাবান ব্যবহার অত্যাবশ্যক নয়। তবে তা ব্যবহারে অধিক পরিচ্ছন্ন হয়।
- ৩. চিনা মাটির থালাবাসন- পানি দিয়ে ধুয়ে নিলেই যথেষ্ট। মেলামাইনের প্লেট বাটিও একই কায়দায় ধুয়ে নিলে পাক হয়ে যায় ।
- 8. তামা, পিতল, এ্যালুমিনিয়াম ও স্টিলের বাসন গ্লাস বাটি- লৌহজাত হাতিয়ার যেমন ছুরি, চাকু, কেচি, কাচি, কাচের তৈরি তৈজসপত্র ও আয়না সোনা-রূপার অলঙ্কার ইত্যাদি পবিত্র করার জন্য মাটি দিয়ে ঘষে মেজে নিতে হবে। তাছাড়া এগুলো ভেজা কাপড় দিয়ে ভালো করে মুছে নিলেও পাক হয়ে যায় ।
- ৫. মাটর তৈরি পাত্র- আগুন দিয়ে উত্তাপ দিয়ে পুড়ে নিলে পাক হয়ে যায় ।
- ৬. কাঠের তৈরি আসবাবপত্র- টুল, ব্যাঞ্চ, চেয়ার, টেবিল, পিড়ি এগুলোতে নাপাকি লাগলে পানি দিয়ে ভালো করে ধুয়ে নিতে হবে।
- ৭. বাঁশ, বেত ও মুলির তৈরি চাটাই মাদুর ও হোগলা- পানি দিয়ে ভালো করে ধুয়ে নিলে পাক হয়ে যাবে ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12742

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন